

**BGIC****বাংলাদেশ জেনারেল ইনসিওরেন্স কোং লিঃ**
Bangladesh General Insurance Company Ltd.

August 19, 2020

All Depository Participants**Sub: AIMS First Guaranteed Mutual Fund-Liquidation-“সর্বশেষ ইউনিট হোল্ডারের ক্রয়কৃত মূল্য”**

Dear Sir,

We as Trustee of AIMS First Guaranteed Mutual Fund have received letter no. SEC/MF & SPV/MF-124/2014/1238 dated 10th March, 2020 from Bangladesh Securities and Exchange Commission (BSEC) along with the NBR Letter (copies attached).

In view of the above and in order to calculate the tax liability of the Unitholders we request you to confirm to us the “সর্বশেষ ইউনিট হোল্ডারের ক্রয়কৃত মূল্য”. For your information the last date of trading of AIMS First Guaranteed Mutual Fund was on 31st December, 2015.

We look forward to your early response.

Thank you for your co-operation

Yours sincerely,

Ahmed Saifuddin Chowdhury
Managing Director & CEO
Member Trustee

Encl: As stated above

Head Office :
42,Dilkusha C/A, Dhaka-1000
Bangladesh

Phone: 9550379, 9564731, 9513694 (Direct)
PABX: 9555073-4, 9563056-8, 9566125
Fax : 88-02-9564212, 47113983
Web: www.bgicinsure.com

Email : bgicinsurance@yahoo.com
: bgicinsurance@gmail.com
: info@bgicinsure.com



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

এসইসি/এমএফ অ্যান্ড এসপিভি/এম এফ-১২৪/২০১৪/১২৩৮

তারিখ: ১০ মার্চ, ২০২০।

- ✓ ব্যবস্থাপনা পরিচালক ও সিইও
বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড (বিজিআইসি)
৪২ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।
ফোন : ৯৫৫০৩৯, ৯৫৬৪৭৩১, ৯৫১৩৬৯৪
ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৪২১২, ৪৭১১৩৯৮৩।

বিষয় : **AIMS First Guaranteed Mutual Fund** এর উইডিং-আপ/লিকুইডেশনের ক্ষেত্রে ইউনিট হোল্ডারদের লভ্যাংশ প্রদানের সময় আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৪ ও ৫৬ ধারায় উৎসে কর কর্তন প্রসঙ্গে।

সূত্র: নেই, তারিখ: ০৩ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনাদের পত্রের সাথে সংযুক্ত AIMS First Guaranteed Mutual Fund এর বিষয়ে কর কমিশনারের কার্যালয়, বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকা এর পত্র নথি নং- এল(জি)-৭১/বৃকইউ/২০১৯-২০২০/১০৫৮ তারিখঃ ২৬.০১.২০২০ মোতাবেক ইউনিট হোল্ডারদের লভ্যাংশ প্রদানের পূর্বে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৪ ও ৫৬ ধারায় প্রযোজ্যতা উৎসে কর কর্তন পূর্বক সরকারী কোষাগারে জমা প্রদান এবং এ সংক্রান্ত সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

২০.০৬.২০২০

মোহাম্মদ সিদ্দিকুর রহমান

উপ-পরিচালক

মিউচুয়াল ফান্ড ও এসপিভি ডিপার্টমেন্ট

ফোন: ৫৫০০৭১৫০।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকা
২য় ১২ তলা সরকারী অফিস ভবন (৭ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- এল(জি)-৭১/বৃকইউ/২০১৯-২০২০/২০৫৬

বরাবর,

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ
৪২, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

বিষয়ঃ AIMS First Guaranteed Mutual Fund এর উইডিং-আপ/ লিকুইডেশনের ক্ষেত্রে ইউনিট হোল্ডারদের লভ্যাংশ প্রদানের সময় আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৪ ও ৫৬ ধারায় উৎসে কর কর্তন প্রসঙ্গে।

সূত্রঃ ০১। এল(জি)-৭১/বৃকইউ/২০১৫-২০১৬/২৭০৫, তারিখঃ ০৮.০৫.২০১৬ খ্রিঃ
০২। IDLCIL/2020/0083, তারিখঃ ১৯ জানুয়ারী ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

প্রাপ্ত তথ্যমতে বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ AIMS First Guaranteed Mutual Fund এর ট্রাস্টি এবং উক্ত ফান্ডটি Closed End Mutual Fund হওয়ার কারণে উহা স্টক একচেঞ্জ হইতে ডিলিস্টেড হয়ে গেছে। বর্তমানে আপনারা ফান্ডটির ইউনিট হোল্ডারদের মধ্যে ফান্ডের অর্থ বন্টনের প্রক্রিয়ায় রয়েছেন। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ২(২৬) অনুযায়ী উক্ত ফান্ডের সঞ্চিত মুনাফা 'লভ্যাংশ' হিসাবে বিবেচ্য। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫৪ অনুযায়ী উক্ত লভ্যাংশ প্রদানের ক্ষেত্রে বন্টনকারী হিসাবে আপনারদের কোম্পানী কর্তৃক উৎসে কর কর্তনের আবশ্যিকতা রয়েছে। এছাড়া যদি ফান্ডের ইউনিট হোল্ডারদের মধ্যে কোন অনিবাসী ইউনিট হোল্ডার থেকে থাকে তা হলে উক্ত অনিবাসীকে লভ্যাংশ প্রদানের পূর্বে ৫৬ ধারায় উৎসে কর কর্তন পূর্বক সরকারী কোষাগারে জমা প্রদানের বাধ্যবাধকতা রয়েছে।

২ নং সূত্রোক্ত পত্র অনুযায়ী AIMS First Guaranteed Mutual Fund ঢাকা ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ এ তালিকাভুক্ত ছিল। AIMS First Guaranteed Mutual Fund এর ইউনিট স্টক এক্সচেঞ্জ হইতে বিভিন্ন সময় বিভিন্ন দামে ক্রয় করা হয়েছে।

লিকুইডেশনের ক্ষেত্রে ইউনিট ফান্ডের নিজস্ব লভ্যাংশ পরিগণনা এবং সর্বশেষ ইউনিট হোল্ডারের মুনাফা সমান হবে না। একইরূপে প্রাথমিক ইউনিট হোল্ডার এবং সেকেন্ডারী ইউনিট হোল্ডারের হাতে লভ্যাংশ সমান হবে না। এ পরিপ্রক্ষিতে, ক্রয়কৃত ইউনিট সমূহ হতে নিম্নরূপভাবে নিরূপিত লভ্যাংশের উপর আইনানুগভাবে উৎসে কর কর্তন করতে হবে।

লিকুইডেশন মূল্য - সর্বশেষ ইউনিট হোল্ডারের ক্রয়কৃত মূল্য = লভ্যাংশ

তবে ক্রয় ব্যতীত অন্য কোনভাবে অর্জিত ইউনিটের ক্ষেত্রে পূর্ববর্তী ইউনিট হোল্ডারের ক্রয়মূল্যই সর্বশেষ ইউনিট হোল্ডারের ক্রয়মূল্য হিসেবে বিবেচিত হবে।

এমতাবস্থায় AIMS First Guaranteed Mutual Fund এর উইডিংআপ/ লিকুইডেশনের ক্ষেত্রে ইউনিট হোল্ডারদের লভ্যাংশ প্রদানের পূর্বে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৪ ও ৫৬ ধারায় প্রযোজ্যতা উৎসে কর কর্তন পূর্বক সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য অনুরোধ করা হইল।

(অপূর্ব কান্তি দাস)
কর কমিশনার

বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকা
ফোনঃ ৪৮৩১২৪৭২ (পিএ)